


বিনোদন

ধুবালার বায়োপিকে সারা অর্জুন, সেপ্টেম্বরে শুটিং

প্রতিবেদক: বিনোদন ডেস্ক

প্রকাশের তারিখ: রোববার, ৩০ আগস্ট ২০২৬, ০৫:২৩ PM



ছবি সংগৃহীত

বলিউডের কিংবদন্তি অভিনেত্রী মধুবালার জীবন নিয়ে তৈরি হতে যাওয়া বায়োপিকের শুটিং আগামী সেপ্টেম্বরে শুরু হতে পারে। সিনেমাটিতে মধুবালার চরিত্রে অভিনয় করবেন অভিনেত্রী সারা অর্জুন।

ভারতীয় সংবাদমাধ্যম মিড-ডে-এর এক প্রতিবেদনে এই তথ্য জানানো হয়েছে। প্রতিবেদনে বলা হয়েছে, নির্মাতা সঞ্জয় লীলা বানসালি তার চলমান সিনেমা লাভ অ্যান্ড ওয়ার-এর কাজ শেষ করার পর মধুবালার বায়োপিকের কাজে যুক্ত হবেন।

জানা গেছে, সেপ্টেম্বরেই মুম্বাইয়ের গোড়েগাঁওয়ের রয়্যাল পামস এলাকায় সিনেমাটির শুটিং শুরু করার পরিকল্পনা রয়েছে। বর্তমানে একই জায়গায় লাভ অ্যান্ড ওয়ার সিনেমার শেষ গানের দৃশ্যের শুটিং চলছে।

আগস্টের শেষ নাগাদ সিনেমাটির শুটিং শেষ হওয়ার কথা।

এরপর মধুবালার বায়োপিকের জন্য ওই জায়গাটিকে নতুনভাবে সাজানো হবে। সিনেমাটির দৃশ্য ও সময়কাল অনুযায়ী সেট তৈরির কাজ শুরু করবে প্রোডাকশন ডিজাইন দল।

তিনি এরই মধ্যে চরিত্রটির জন্য প্রস্তুতি নেওয়া শুরু করেছেন।

সিনেমাটি পরিচালনা করবেন [ডার্লিংস] খ্যাত পরিচালক জসমিত কে. রিন। এখনো সিনেমাটির নাম চূড়ান্ত করা হয়নি।

নির্মাতারা শুধু মধুবালার জীবনের গল্প তুলে ধরতেই চান না। তার ব্যক্তিত্ব, চলাফেরা, আচরণ, অঙ্গভঙ্গি এবং তিনি যে সময় ও পরিবেশের মধ্যে বেড়ে উঠেছিলেন, সেগুলোও সিনেমায় তুলে ধরার পরিকল্পনা রয়েছে।

তবে মধুবালার জীবনের কোন কোন ঘটনা সিনেমাটিতে দেখানো হবে, সে বিষয়ে এখনো বিস্তারিত কিছু জানানো হয়নি।

শেষ পর্যায়ে [লাভ অ্যান্ড ওয়ার]

এদিকে সঞ্জয় লীলা বানসালির [লাভ অ্যান্ড ওয়ার] সিনেমার শুটিংও শেষ পর্যায়ে রয়েছে। এই সিনেমার মাধ্যমে দীর্ঘদিন পর আবার রণবীর কাপুরের সঙ্গে কাজ করছেন বানসালি। এর আগে রণবীরের প্রথম সিনেমা [সাওয়ারিয়া] পরিচালনা করেছিলেন তিনি।

যুদ্ধের পটভূমিতে নির্মিত এই সিনেমার গল্পে রয়েছে প্রেম ও আবেগের জটিল সম্পর্ক। রণবীর কাপুর ও ভিকি কৌশলকে দুই সামরিক কর্মকর্তার চরিত্রে দেখা যাবে। তাদের সঙ্গে আলিয়া ভাটের চরিত্রকে ঘিরে তৈরি হবে প্রেমের ত্রিভুজ।

[লাভ অ্যান্ড ওয়ার] আগামী ২১ জানুয়ারি ২০২৭ প্রেক্ষাগৃহে মুক্তি পাওয়ার কথা রয়েছে।

মধুবালার মতো কিংবদন্তি অভিনেত্রীর জীবন নিয়ে সিনেমা হওয়ায় এরই মধ্যে দর্শকদের মধ্যে আগ্রহ তৈরি হয়েছে। বিশেষ করে মধুবালার চরিত্রে সারা অর্জুনকে কীভাবে উপস্থাপন করা হয়, সেটিই এখন সিনেমাটিকে ঘিরে সবচেয়ে বড় আগ্রহের বিষয়।

এ বিভাগের আরও খবর



একসময় গরিব ছেলে পছন্দ ছিল: প্রভা
অভিনেত্রী সাদিয়া জাহান এভাবে এখন পর্দায় কালেভদ্রে দেখা যায়। তবে সামাজিক যোগাযোগমাধ্যমে নিয়মিতই সরব তিনি।
বিভিন্ন পোস্টের মাধ্যমে অনুসারীদের...



বিমানবন্দরে গ্রেপ্তার অপু বিশ্বাসের [[শিকার]] নায়ক

হত্যা মামলায় চিত্রনায়ক মরতুজা পলাশ গ্রেপ্তারচাকা প্রতিনিধি বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের সময় সংঘটিত একটি হত্যা মামলায় চিত্রনায়ক মরতুজা পলাশকে...



এক হাজার টাকায় গুরু, শেষটা নিঃশ্ব হয়ে: জুয়া নিয়ে ভিডিও বানিয়ে প্রশংসায় চমক

এক হাজার টাকায় গুরু, শেষটা নিঃশ্ব হয়ে! সহজে টাকা আয়ের রত্নিন যুগে অনলাইন জুয়ার ফাঁদে পড়েছিলেন শিহাব নামের এক যুবক। হারানো টাকা ফেরত পাওয়ার...



ইতালিতে বাঁধনের ওপর হামলাকারী ৩ ব্যক্তি শাস্ত

অভিনেত্রী আজমেদী হক বাঁধনের ওপর হামলা ও হেনস্তার ঘটনায় জড়িত কয়েকজনের পরিচয় পাওয়া গেছে। ভিডিও বিশ্লেষণ করে তাদের মধ্যে শিপল মাহমুদ বিপ্লব, ইল...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: <https://dhakaprobe.com/entertainment/dhubalar-bayopike-sara-orjun-septembre-shuting>